



WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 3rd Semester Examination, 2021-22

BNGACOR05T-BENGALI (CC5)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

দক্ষিণপ্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

১। প্রতিটি একক থেকে **একটি** করে মোট **চারটি** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে) $১০ \times ৪ = ৪০$

একক - ১

(ক) উপমা অলঙ্কার কাকে বলে ? উদাহরণসহ উপমা অলঙ্কারের বিভিন্ন বিভাগ সম্পর্কে আলোচনা করো। $২ + ৮$

অথবা

(খ) উদাহরণসহ বুঝিয়ে দাওঃ (যে-কোনো **দুটি**) $৫ \times ২ = ১০$

(অ) শ্লেষ-বক্রোক্তি (আ) প্রতীয়মানোৎপ্রেক্ষা (ই) অতিশয়োক্তি (ঈ) বিষম

একক - ২

(গ) নিম্নোক্ত যে-কোনো **দুটি** কাব্যংশের অলঙ্কার নির্ণয় করোঃ $৫ \times ২ = ১০$

(অ) আবরিছে দিননাথে ঘন ঘনরাপে।

(আ) ডুব দে রে মন কালী বলে
হৃদি-রত্নাকরের অগাধ জলে।

(ই) এ পুরীর পথমারো যত আছে শিলা
কঠিন শ্যামার মতো কেহ নাহি আর !

(ঈ) বৈরাগ্যসাধনে মুক্তি সে আমার নয়
অসংখ্য বন্ধন মারো মহানন্দময়
লভিব মুক্তির স্বাদ।

(উ) এ জগতে হয়, সেই বেশি চায় আছে যার ভূরি ভূরি !
রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।

একক - ৩

(ঘ) সরল কলাবৃত্ত (বা মাত্রাবৃত্ত বা ধ্বনিপ্রধান) ছন্দারীতির সংজ্ঞা ও বৈশিষ্ট্য উদাহরণসহ বুঝিয়ে দাও। ১০

অথবা

(ঙ) সংক্ষিপ্ত পরিচয় দাওঃ (যে-কোনো **দুটি**) $৫ \times ২ = ১০$

প্রস্বর, যতি, পংক্তি, গদ্যছন্দ

(চ) নিম্নলিখিত যে-কোনো দুটি উদ্ধৃতির ছন্দোলিপি প্রণয়ন করোঃ

৫×২ = ১০

(অ) অক্ষুর তপন-তাপে যদি জারব
কি করব বারিদ মেহে।
এ নব যৌবন বিরহে গোঙায়ব
কি করব সো পিয়া লেহে॥

(আ) শ্রাবণের মেঘ কালো হয়ে নামে বনের শিরে
খর বিদ্যুৎ রাতের বক্ষ দিতেছে চিরে,
দূর হতে শুনি বারুণী নদীর তরল রব -
মন শুধু বলে, অসম্ভব এ অসম্ভব।

(ই) এই পৃথিবীর রণ রক্ত সফলতা
সত্য; তবু শেষ সত্য নয়।
কলকাতা একদিন কল্লোলিনী তিলোত্তমা হবে;
তবুও তোমার কাছে আমার হৃদয়।

(ঈ) আমরা যেন বাংলাদেশের
চোখের দুটি তারা।
মাঝখানে নাক উঁচিয়ে আছে
থাকুক গে পাহারা।

(উ) জল কি তোমার কোনো ব্যথা বোঝে ? তবে কেন, তবে কেন
জলে কেন যাবে তুমি নিবিড়ের সজলতা ছেড়ে ?
জল কি তোমার বুকে ব্যথা দেয় ? তবে কেন, তবে কেন
কেন ছেড়ে যেতে চাও দিনের রাতের জলভার ?

২। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০)

৫×২ = ১০

(ক) প্রতিবস্ত্রপমা ও দৃষ্টান্ত অলঙ্কারের মধ্যে পার্থক্য উদাহরণসহ বুঝিয়ে দাও।

৫

(খ) বৃষ্টিছলে গগন কাঁদিলা।

৫

— এই অংশে প্রযুক্ত অলঙ্কারের ব্যাখ্যা করো।

(গ) পয়ার রূপবন্ধ বলতে কী বোঝায় ? একটি দলবৃত্ত পয়ারের উদাহরণ দিয়ে ব্যাখ্যা করো।

২+৩

(ঘ) বড়ো বড়ো মস্তকের পাকা শস্যখেত

৫

বাতাসে দুলিছে যেন শীর্ষ-সমেত।

— এই অংশের ছন্দোলিপি প্রণয়ন করো।

N.B. : Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.

—x—